

রংধনু অজ-বাংলা কালচারাল সোসাইটি ইনক এর উদ্যোগে আয়োজিত রংধনু ট্যালেন্ট

এওয়ার্ড ও সাংস্কৃতিক সন্ধ্যা।

গত ২১শে মার্চ ২০১৫ শনিবার সন্ধ্যায়, অনুষ্ঠিত হয়ে গেলো রংধনু অজ-বাংলা কালচারাল সোসাইটি রংধনু ট্যালেন্ট এ্যাওয়ার্ড ২০১৫ ও সাংস্কৃতিক অনুষ্ঠান। অনুষ্ঠানে প্রধান অতিথির আসন অলংকৃত করেন ক্যান্টাবেরী সিটি কাউন্সিলের মেয়র জনাব ব্রায়ান রবসন।

বিগত বছরগুলোর মতোই এ বছরও এই সাংস্কৃতিক অনুষ্ঠান সাজানো হয়েছিল সঙ্গীত, নৃত্য, কবিতা আবৃত্তি ও নাটিকা দিয়ে। অনুষ্ঠানের কেন্দ্রে ছিলো প্রবাসী বাংলাদেশী এবং তাদের কৃতি সন্তানদের পুরস্কৃত করা যারা পড়াশুনা সহ বিভিন্ন ক্ষেত্রে তাদের লক্ষণীয় সাফল্য অর্জন করছে।

রংধনুর বার্ষিক এই নিয়মিত আয়োজনে ইতিমধ্যে প্রবাসী বাংলাদেশীদের মধ্যে জনপ্রিয় হয়ে উঠেছে। রংধনুই প্রথম সংগঠন যারা প্রবাসী বাংলাদেশীদের এবং তাদের কৃতি সন্তানদের বিভিন্ন ক্ষেত্রে সাফল্য আর্জনের স্বীকৃতি দেবার এই ব্যতিক্রম উদ্যোগ গ্রহণ করে।

অনুষ্ঠানটি সঞ্চালনের দায়িত্বে ছিলেন সংগঠনের সাংগঠনিক সম্পাদক জনাব কাজী জাকারিয়া আরিফ। অনুষ্ঠানটি যথারীতি শুরু হয় পবিত্র কোরআন থেকে তেলাওয়াত ও তর্জমা দিয়ে। পবিত্র কোরআন তেলাওয়াত ও তর্জমা করেন রাফসিন মাহমুদ। তারপর পরিবেশিত হয় অষ্টেলিয়া ও বাংলাদেশের জাতীয় সঙ্গীত। তারপর মূল অনুষ্ঠান শুরু হয় নৃত্য দিয়ে। বাংলাদেশের বিভিন্ন জনপ্রিয় গানের সাথে নৃত্য পরিবেশন করেন শাহীন আক্তার স্বর্ণা, অর্পিতা সোম এবং পূজার। এরপর দর্শকের কবি শামসুর রহমানের “তোমাকে পাওয়ার জন্য, হে স্বাধীনতা” কবিতা আবৃত্তি করে শুনান রংধনু সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক আজাদ আবুল কালাম।

রাতের খাবারের বিরতির পর শুরু হয় দ্বিতীয় পর্ব “পদক বিতরণী”। এই পর্বের উপস্থাপিকা নাফিজা নাজ ফেরদৌসির অনুরোধে রংধনুর সভাপতি, প্রধান ও বিশেষ অতিথিবৃন্দ মঞ্চে আসেন। প্রথমেই বক্তব্য রাখেন রংধনুর সভাপতি শামসুজ্জামান শামীম। সভাপতি তার বক্তব্যে রংধনুর এই উদ্যোগের ইতিহাস নিয়ে এবং রংধনুর ভবিষ্যত পরিকল্পনা নিয়ে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন। প্রধান অতিথি ক্যান্টাবেরী সিটির মেয়র জনাব ব্রায়ান রবসন তার বক্তবে এই ধরনের পুরস্কার বিতরণী উদ্যোগকে ব্যতিক্রমী একটি উদ্যোগ বলে অভিহিত করেন এবং বাংলাদেশী পরিবারের এই ধরনের উদ্যোগকে সবধরনের সহযোগিতা প্রদানের আশ্বাস দেন।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানের পর সকল বিজয়ী পদক প্রাপ্তদের সাথে প্রধান অতিথি ছবি তুলেন। পুরস্কার বিতরণীর পর শুরু হয় সাংস্কৃতিক অনুষ্ঠানের দ্বিতীয় পর্ব। এইপর্বে সংগীত পরিবেশন করেন সিডনীর জনপ্রিয় গায়ক রুহুল আমিন। এরপর আজাদ আবুল কালামের রচনায় রম্য নাটিকাতে অভিনয় করেন রচয়িতা নিজেই, সংগে ছিলেন রংধনুর সাধারণ সম্পাদক জনাব ওয়াহাব মিঞা। কৌতুকপূর্ণ এই নাটিকাটি দর্শকরা আদৃত হয়। এরপর ব্যাফেল ড্র বিজয়ীদের নাম ঘোষণার পরপরই সবাইকে ধন্যবাদ জানিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করা হয়।

এবারে বিভিন্ন ক্যাটাগরীতে রংধনু ট্যালেন্ট এওয়ার্ড যারা যারা পেলেন –

Year – 3 Anuva Ahmad, Saib Chowdhury, Rubayat Shikder

Year – 5 Emaduddin Ahmed, Athshan Rahman, Tasnim Haque, Farhan Shafiq (Priyo), Tasnima Tabassum Rahman

Year – 7 Neemat Chowdhury, Nusrat Jahan Samiya

Year – 7 (Selective) Rafsan Mahmud, Junayna Areej, Sameera Aysha Zaman, Masrafi Rahman;

Year – 9 Sabiha Udding, Mehek Fatiha Rahman, Nashita wohab, Tawfeeq Gazi, Samiha Uddin

HSC – Nasif Chowdhury, Hreedi R Akther

Sports (Cricket & Tennis) – Nehal Nafcy

Special Category 1 (Arabic) – Raysa Tahsin, Afifa Sultana // Special Category 2 (Community Work) – Shakir Karim // Special 3 (ICAAS) – Naifsa Naz Ferdousy, Rafsann Ahmed Khondker // Special 4 (Sponsor) – Mr Abu Quaium Khan (AFK International)

Rongdhanu Presidential Award: Munir Rahman

এছাড়াও রংধনু ট্যালেন্ট এওয়ার্ড পদক পেলেন প্রফেসর আলী কাজী শিক্ষা, গবেষণা ও কমিউনিটি কাজে তার অসামান্য সাফল্যে অর্জনের জন্য। জনাব আলী কাজী সর্বোচ্চ শিক্ষা পিএইচডি সম্মান প্রাপ্ত জাতীয় ও আন্তর্জাতিক ভাবে পরিচিত এবং অসংখ্য জাতীয় ও আন্তর্জাতিক পদকে ভূষিত।

অনুষ্ঠান যখন শেষ হয় সিডনির আকাশ তখন মেঘাচ্ছন্ন। এক পশলা বৃষ্টির ফসল পাতায় পাতায় বিন্দু বিন্দু ঝরে জল আর সদ্যস্নাত রাজপথ নিয়ন আলোতে প্রতিফলিত হয়ে ঝলমল করছে। প্রবাসী বাংলাদেশীদের এদেশে বেড়ে ওঠা সন্তানদের মুখবয়ব মনে করিয়ে দিয়েছে সেই ঔজ্বল্য।

আগামী ৩০শে মে ২০১৫ অনুষ্ঠিত হবে রংধনু অজ-বাংলা কালচারাল ইনক এর নিয়মিত আয়োজন, স্থানীয় ও বাংলাদেশী শিল্পীদের পরিবেশনায় অজ-বাংলা কালচারাল নাইট ২০১৫। অনুষ্ঠানটি সিডনির গতানুগতিক অনুষ্ঠানের চাইতে একটু ভিন্নতর হবে বলে কর্মকর্তারা মনে করেন। স্থানীয় শিল্পী যারা এই অনুষ্ঠানে নাটক, নৃত্য, গানে, কৌতুক ও বাজনায়ে অংশগ্রহণ করতে চান তাদের অতিসত্তর সংগঠনের সাংগঠনিক সম্পাদক কাজী জাকারিয়া আরিফ (0425661057) অথবা সাংস্কৃতিক সম্পাদক আজাদ আবুল কালামের (0401683031) এর সাথে যোগাযোগ করতে অনুরোধ করা যাচ্ছে।





